ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# জাতীয় যুব-সততা জরিপ ২০১৫

৩০ জুন ২০১৫

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- সমাজ ও রাষ্ট্রে দুর্নীতি প্রতিরোধ এবং সততা প্রতিষ্ঠার প্রচেষ্টা একে অপরের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত; প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে সততার চর্চা অত্যন্ত গুরুত্বপূর্ণ
- বাংলাদেশের জনসংখ্যার এক-তৃতীয়াংশ যুব। দুর্নীতি প্রতিরোধে বৃহত্তর সামাজিক আন্দোলনের অংশ হিসেবে যুবদের সম্পৃক্ত করা অত্যন্ত জরুরি
- ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দীর্ঘদিন যাবৎ তরুণ সমাজকে দুর্নীতিবিরোধী চেতনায় উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করার লক্ষ্যে কাজ করে আসছে
- দুর্নীতিবিরোধী কার্যক্রমে যুবদের আরও কার্যকরভাবে সম্পৃক্ত করতে সততা সম্পর্কে তাদের ধারণা জানা প্রয়োজন, যা তাদের মাঝে সততার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের সামর্থ্য তৈরিতে সহায়ক হবে
- ইতোপূর্বে টিআইবি ২০০৮ সালে একটি আন্তর্জাতিক জরিপের অংশ হিসেবে যুব সততা জরিপ পরিচালনা করেছে
- এসব কাজের ধারাবাহিকতায় টিআই এর সহায়তায় দুর্নীতি ও সততা বিষয়ে যুবদের দৃষ্টিভঙ্গী ও মতামত নিরূপণ করার জন্য এ জরিপ পরিচালনা করা হয়
- বাংলাদেশসহ আরও কয়েকটি দেশে এই যুব-সততা জরিপ পরিচালনা করা হয়েছে

# জরিপের উদ্দেশ্য

## মূল উদ্দেশ্য

- সততা ও দুর্নীতি সম্পর্কে বাংলাদেশের যুবদের ধারণা, বিশেষভাবে তাদের মূল্যবোধ, নৈতিক মান বিবেচনায় জীবনের বিভিন্ন বাস্তব পরিস্থিতিতে তাদের আচরণ নিরূপণ করা

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

- সততা ও দুর্নীতি সম্পর্কে যুবদের ধারণা, মতামত ও দৃষ্টিভঙ্গী নিরূপণ করা
- বিভিন্ন সেবা খাতে যুবদের দুর্নীতির অভিজ্ঞতা জানা
- দুর্নীতি প্রতিরোধে যুবদের জ্ঞান,আগ্রহ ও অঙ্গীকারের মাত্রা যাচাই করা
- দুর্নীতি ও সততা সম্পর্কে যুবদের ধারণা ও দৃষ্টিভঙ্গীর সাথে ত্রিশোর্ধদের ধারণা ও দৃষ্টিভঙ্গীর তুলনা করা

# গবেষণা পদ্ধতি

- ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর সংজ্ঞা অনুযায়ী "সততা" হচ্ছে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নীতি ও নৈতিকতার মূলনীতি বা মানদণ্ড সংবলিত আচরণ ও কার্যকলাপ যা দুর্নীতির ক্ষেত্রে বাধা সৃষ্টি করে
- এই সংজ্ঞার ভিত্তিতে ট্রান্সপারেন্সি ইন্টারন্যশনাল কর্তৃক প্রণীত কাঠামোবদ্ধ প্রশ্নপত্রের মাধ্যমে এই জরিপের তথ্য সংগ্রহ করা হয়েছে
- এই জরিপে ১৫ থেকে ৩০ বছর বয়সের ব্যক্তিদের "যুব" হিসেবে নির্ধারণ করা হয়েছে এবং তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে
- এ জরিপে তুলনামূলক বিশ্লেষণ করার জন্য যুবদের পাশাপাশি ত্রিশোর্ধদের নিকট থেকেও তথ্য সংগ্রহ করা হয়েছে
- জরিপটি ২০১৫ সালের ২২ এপ্রিল থেকে ৭ মে সময়ের মধ্যে পরিচালনা করা হয়েছে

# গবেষণা পদ্ধতি

## নমুনায়ন

এ জরিপে বহুপর্যায়ী স্তরায়িত গুচ্ছ নমুনায়ন পদ্ধতি ব্যবহার করা হয়েছে

- প্রথমে পর্যায়ে বাংলাদেশের ৬৪টি জেলা থেকে দৈবচয়নের মাধ্যমে ৩১টি জেলা নির্বাচন করা হয়েছে
- দ্বিতীয় পর্যায়ে প্রতিটি জেলা থেকে দৈবচয়নের মাধ্যমে মৌজা নির্বাচন করা হয়েছে এবং এই মৌজাকেই প্রাথমিক নমুনায়ন একক বা পিএসউ হিসেবে বিবেচনা করা হয়েছে
- জরিপে অন্তর্ভুক্ত মোট মৌজার সংখ্যা ৪৬১টি, যা জেলাগুলোর জনসংখ্যার ঘনত্ব অনুযায়ী আনুপাতিক হারে নির্ধারণ করা হয়েছে
- প্রতিটি মৌজায় প্রবেশ প্রান্ত থেকে প্রথম খানাটি দৈবচয়নের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে এবং এরপর প্রতি ৫টি খানা পরপর পরবর্তী খানাগুলো নির্ধারণ করা হয়েছে
- প্রতিটি মৌজা থেকে আটজন তথ্যদাতার কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে; মোট তথ্যদাতার সংখ্য ৩,৬৫৬ জন;
- মোট তথ্যদাতাদের ৬৬.২% যুব এবং ৩৩.৮% ত্রিশোর্ধ
- মোট তথ্যদাতাদের ৫৮% পল্লি এলাকার এবং ৪২% পৌর এলাকার অধিবাসী
- মোট তথ্যদাতাদের ৬৫% পুরুষ এবং ৩৫% নারী


# যুব তথ্যদাতাদের আর্থ-সামাজিক বৈশিষ্ট্য

| নির্দেশক | যুব |
|---|---|
| লিঙ্গ | পুরুষঃ ৬৭% নারীঃ ৩৩% |
| বয়স (গড়) | ২২ বছর |
| বৈবাহিক অবস্থা | বিবাহিতঃ ৩৫% |
| পেশা | শিক্ষার্থীঃ ৫১%; গৃহিনীঃ ১৬%; ব্যবসাঃ ১২% |
| সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ততা | ৯% |


| শিক্ষা | |
|---|---|
| নিরক্ষর/স্বাক্ষর | ৫ |
| ৫ম শ্রেণি পর্যন্ত | ৮ |
| ৬ ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি | ৪২ |
| ১১তম শ্রেণি থেকে স্নাতকোত্তর | ৪৫ |

জরিপের তথ্য বিশ্লেষণে যুবদের তথ্যের সাথে ত্রিশোর্ধদের তথ্যের উল্লেখযোগ্য পার্থক্য পরিলক্ষিত না হওয়ায় এই উপস্থাপনায় <u>শুধুমাত্র যুবদের তথ্য উপস্থাপন করা হয়েছে</u>


# সততার অভাব একটি বড় ধরনের সমস্যা বা ক্ষতিকর ...




# একজন 'সৎ মানুষ' বলতে যা বোঝায় ...



# ধনী হওয়ার চেয়ে সৎ হওয়া অপেক্ষাকৃত বেশি গুরুত্বপূর্ণ




# অসৎ ব্যক্তির চেয়ে সৎ ব্যক্তির জীবনে সফল হওয়ার সম্ভাবনা বেশি




# ‘সততা’ সম্পর্কিত বিভিন্ন ধারণা ও আচরণ

## আচরণটি ভুল মনে করেন..




# ‘সততা’ সম্পর্কিত বিভিন্ন ধারণা ও আচরণ


## আচরণটি ভুল হলেও, গ্রহণযোগ্য মনে করেন ..




# ‘সততা’ সম্পর্কিত বিভিন্ন ধারণা ও আচরণ




# জরুরি নথি সংগ্রহে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক হয়রানি/ দেরির ক্ষেত্রে ...




# গুরুত্বপূর্ণ পরীক্ষায় পাস করা/ গুরুত্বপূর্ণ কোনো চাকরি পাওয়ার জন্য




# কোনো আত্মীয় নিয়ম-বহির্ভূতভাবে ভাল কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, অথবা কোনো প্রতিষ্ঠানে চাকরি দিতে চাইলে ...




# নিয়োগদাতা চাকরির বিনিময়ে ভবিষ্যৎ বেতনের অংশ দাবি করলে ...




# দুর্নীতির অভিজ্ঞতা


জাতীয় পরিচয় পত্র পেতে বা নবায়নের ক্ষেত্রে
সরকারি হাসপাতালে ওষুধ বা স্বাস্থ্য সেবা পেতে
চাকুরী পেতে, নিয়োগের ক্ষেত্রে
পুলিশি ঝামেলা (মামলা/ জরিমানা/ হয়রানি) থেকে মুক্তি পেতে
বিদ্যালয়/কলেজে/শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার ক্ষেত্রে
ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য আরো কাজ পাওয়ার ক্ষেত্রে
কোনো কাগজপত্রে স্বাক্ষর বা অনুমতি, পারমিট, লাইসেন্স, ক্লিয়ারেন্স পেতে
৮
৮
২৭
২৩
২১
২০
৩৩
১৭
১৯
১৬
১৯
৮
৩৩
২০
০
১০
২০
৩০
৪০
৫০
পুরুষ (%)
নারী (%)


# বিভিন্ন সরকারি ও বেসরকারি খাতে বিদ্যমান সততা সম্পর্কে ধারণা




# সততা বা দুর্নীতি দমন সম্পর্কে শিক্ষা পেয়েছে




# দুর্নীতি বিরোধী আইন-কানুন, বিধিমালা সম্পর্কে জ্ঞান




# দুর্নীতি দমন ও সততা প্রতিষ্ঠায় যুবদের ভূমিকা




# দুর্নীতি সম্পর্কে অভিযোগ করার ক্ষেত্রে আগ্রহ



# দুর্নীতির অভিযোগ করতে আগ্রহী না হওয়ার কারণ



# সততা সম্পর্কিত ধারণা ও দৃষ্টিভঙ্গী তৈরিতে যুবদের প্রভাবিত করে..



# সার্বিক পর্যবেক্ষণ

## ইতিবাচক পর্যবেক্ষণ

- সার্বিকভাবে সততা সম্পর্কে যুবদের ধারণা বেশ স্বচ্ছ এবং কিছু ক্ষেত্রে পুরুষদের তুলনায় নারীরা সততার ধারণা ও চর্চায় দৃঢ় অবস্থানে রয়েছে
- যুবদের প্রায় সবাই সততার অভাবকে দেশের অর্থনীতি ও উন্নয়নের জন্য একটি বড় সমস্যা বা ক্ষতিকর হিসেবে চিহ্নিত করেছে
- অধিকাংশ যুবরাই ধনী হওয়ার চেয়ে সৎ হওয়াকেই বেশি গুরুত্বপূর্ণ মনে করছে, এবং অসৎ ব্যক্তির চেয়ে সৎ ব্যক্তির জীবনে সফল হওয়ার সম্ভাবনা বেশি বলে মনে করে
- এছাড়া কিছু পরিস্থিতিগত দুর্নীতির চর্চাকেও তারা ভুল কাজ হিসেবে মনে করছে এবং নিজেরা এমন কাজ থেকে বিরত থাকবে বলে জানিয়েছে
- অধিকাংশ যুবরাই দুর্নীতির মুখোমুখি হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ করবেন এমন অভিপ্রায় ব্যক্ত করেছেন
- অধিকাংশ যুবদের মতে, সততা প্রতিষ্ঠা ও দুর্নীতি দমনে যুবরা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে

# সার্বিক পর্যবেক্ষণ

**নেতিবাচক পর্যবেক্ষণ**

- সার্বিকভাবে সততা সম্পর্কে যুবদের ধারণা বেশ স্বচ্ছ হলেও বাস্তবে সততা চর্চার ক্ষেত্রে যুবদের একটি উল্লেখযোগ্য অংশের মধ্যে নেতিবাচক আচরণ পরিলক্ষিত হয়
- কিছু পরিস্থিতিগত দুর্নীতির চর্চাকে তারা ভুল কাজ হিসেবে মনে করলেও এই ভুল কাজগুলো তাদের অনেকের কাছেই গ্রহণযোগ্য মনে হচ্ছে
- সততা সম্পর্কে জোরালো নৈতিক ধারণা থাকা সত্ত্বেও যুবদের একটি বড় অংশ বাস্তব জীবনের বিভিন্ন পরিস্থিতিতে সততা বিসর্জন দিতে বা সমঝোতা করতে রাজি আছে
- অনেক যুব দুর্নীতির মুখোমুখি হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ করতে আগ্রহী নয়, তারা মনে করে এ ধরনের অভিযোগে কোনো কাজ হবে না
- বেশিরভাগ যুবরই সততা বা দুর্নীতি দমন সম্পর্কে কোনো শিক্ষা নেই; মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পাঠ্যক্রমে দুর্নীতি প্রতিরোধ বিষয়টি অন্তর্ভুক্ত থাকলেও অল্প সংখ্যক যুবরই সে সম্পর্কে ধারণা রয়েছে
- দেশের বিদ্যমান দুর্নীতি প্রতিরোধ ও মোকাবেলা সম্পর্কিত আইন ও বিধিমালা সম্পর্কে যুবরা একেবারেই জানে না বা খুবই কম তথ্য জানে

# সার্বিক পর্যবেক্ষণ

## অন্যান্য পর্যবেক্ষণ

- যুবদের সততার ধারণা ও চর্চার সাথে ত্রিশোর্ধদের সততার ধারণা ও চর্চার উল্লেখযোগ্য পার্থক্য পরিলক্ষিত হয় না
- তথ্যদাতাদের লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বসবাসের অঞ্চল ভেদে গবেষণার ফলাফলে উল্লেখযোগ্য কোনো পার্থক্য পরিলক্ষিত হয় না।

# সুপারিশ

১. যুবদের মধ্যে সততার প্রসার ও চর্চার বিষয়টিকে জাতীয় যুব নীতিতে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে এবং এর কার্যকর বাস্তবায়ন কৌশল নির্ধারণ করতে হবে

২. জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রে যুবদের ভূমিকা ও কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে। এ কৌশলপত্রে পরিবারের জন্য নির্ধারিত কর্ম-পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে

৩. যুবদের জন্য দুর্নীতির অভিযোগ জানানোর প্রক্রিয়া ও সহায়ক পরিবেশ নিশ্চিত করতে হবে।

৪. পাঠ্যক্রমে বিদ্যমান সততা ও দুর্নীতি দমন বিষয়ক শিক্ষা আরও কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে

# সুপারিশ

৫. দুর্নীতি যে একটি শাস্তিযোগ্য অপরাধ তা বাস্তবিক অর্থে সমাজে প্রতিষ্ঠিত করতে হবে এবং এর মাধ্যমে তরুণদের সামনে দৃষ্টান্ত স্থাপন করতে হবে। শাস্তি থেকে অব্যাহতির সংস্কৃতি বন্ধ করতে হবে

৬. যুবদের মাঝে সততা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সকল অংশীজনদের সম্পৃক্ত করে সমন্বিত কর্মসূচি ও প্রচারাভিযান গ্রহণ করতে হবে

ধন্যবাদ